

UG/5th Sem (H)/23/(CBCS)

2023

**BENGALI (Honours)**

**Paper Code : BNGH DC-11**

(প্রবন্ধের সংরূপ ও প্রবন্ধ সাহিত্য)

Full Marks : 32

Time : Two Hours

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

- ১। বাংলা ভাষায় পত্রসাহিত্য রচনার ধারাটি কোন্ শতাব্দীতে প্রথম যথার্থ অর্থে বিস্তার লাভ করেছিল? একটি সাধারণ পত্র কোন্ কোন্ বৈশিষ্ট্যের গুণে সাহিত্য হয়ে ওঠে আলোচনা করো।

১+৭=৮

অথবা

ডায়েরি রোজনামচা না হয়ে ব্যক্তিগত আবেগ ও অনুভূতির প্রকাশস্থল হয়ে উঠতে পারে কি না উদাহরণসহযোগে আলোচনা করো।

৮

- ২। ব্যক্তিগত প্রবন্ধে 'বুদ্ধির যুক্তি'র চাইতেও 'মনের যুক্তি' বড়ো হয়ে উঠতে চায় কি না উদাহরণসহ আলোচনা করো।

৮

অথবা

P.T.O.

পত্রসাহিত্য একের সঙ্গে অপরের কথা আর ডায়েরি নিজের সঙ্গে নিজের কথা — বিষয়টি সমর্থন করা যায় কি না আলোচনা করো।

৮

৩। 'মানুষ নিজগুণে দেবতা হইয়া উঠিয়াছেন' — 'রামায়ণ' প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্রনাথের এই মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।

৮

অথবা

'পক্ষপাতকৃপণ কাব্য তাহাদের জন্য স্থান সংকোচ করিয়াছে বলিয়াই পাঠকের হৃদয় অগ্রসর হইয়া তাহাদিগকে আসন দান করে।' — এখানে 'তাহাদিগকে' বলতে কাদের কথা বলা হয়েছে? তাদের প্রতি রবীন্দ্রনাথের এই সহানুভূতির কারণ ব্যাখ্যা করো।

২+৬=৮

৪। 'প্রাচীন সাহিত্য' গ্রন্থে প্রতিফলিত রবীন্দ্রনাথের গদ্যরীতির পরিচয় দাও। তোমার পাঠ্য প্রবন্ধগুলি অবলম্বনে এই গ্রন্থের প্রাবন্ধিক 'ছন্দ-স্পন্দ' সৃষ্টিতে কতটা সফল হয়েছেন সে সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

৪+৪=৮

অথবা

"সংস্কৃত কাব্যের আর দুইটি তপস্বিনী আমাদের চিত্তক্ষেত্রে তপোবন রচনা করিয়া বাস করিতেছে।" — উক্তিটি কোথা থেকে গৃহীত হয়েছে? 'আর দুইটি তপস্বিনী' বলতে এখানে কাদের কথা বলা হয়েছে? তাদের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

১+২+৫=৮